ভোরের কাগজ

তারিখ ... APR 2 3 1999 ... ...
পৃঃ ২ কলাম ৫ ... ...

# মহসীন হলে ছাত্রলীগের বিতাড়িত ও দখলকারীদের মধ্যে সমঝোতা

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক :** ঢাকা বিশ্ববিদ্যালয় মহসীন হল থেকে ছাত্রলীগের বিতাড়িত হেমায়েত-জুয়েলদের সঙ্গে হল দখলকারী একই সংগঠনের আব্দুল ওয়াদুদ খোকন বাহিনীর সমঝোতা হয়েছে।

সমঝোতা অনুযায়ী হেমায়েত-জুয়েল মহসীন হলে যেতে পারবে কিন্তু রাতে হলে থাকবে না। অপরদিকে খোকন বাহিনী বহিরাগতদের হল থেকে ধীরে ধীরে বিদায় করবে। গতকাল বুধবার সন্ধ্যায় মহসীন হলে এ সমঝোতা হয়। সমঝোতাকালে আব্দুল ওয়াদুদ খোকন মহসীন হল ছাত্রলীগের সভাপতি শফিক হেমায়েত, জুয়েল প্রমুখ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, শহীদুল্লাহ হলের ছাত্র জুয়েল গত রোববার মহসীন হল থেকে পুলিশের হাতে গ্রেপ্তার হয়ে গত মঙ্গলবার জামিনে মুক্তি পেয়েছে।